

বাংলাদেশ দূতাবাস  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সিউল, দক্ষিণ কোরিয়া



Embassy of  
the People's Republic of Bangladesh  
Seoul, Republic of Korea

## সংবাদ বিজ্ঞপ্তি

ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে বাংলাদেশ দূতাবাস, সিউল- এর আয়োজনে দক্ষিণ কোরিয়ায় বাংলা নববর্ষ-১৪৩১  
উদযাপন

বাংলাদেশ দূতাবাস, সিউল ২৮ এপ্রিল ২০২৪ তারিখে সিউলের সংদং-গু-এর মিলনায়তনে ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে বাংলা নববর্ষ ১৪৩১ উদযাপন করেছে। উক্ত অনুষ্ঠানে দক্ষিণ কোরিয়ায় বসবাসরত প্রায় ৫ শতাধিক প্রবাসী বাংলাদেশীগণ ও তাদের পরিবারবর্গ এবং কোরিয়ান অতিথিগণ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেন। বর্ষবরণ উৎসব উপলক্ষ্যে এ দিন মিলনায়তন ও এর সংলগ্ন স্থানে ব্যানার, ফেস্টুন, বেলুন ইত্যাদি দিয়ে সুসজ্জিত করা হয়।

ঐতিহ্যবাহী মঞ্জল শোভাযাত্রার মধ্য দিয়ে দিবসের সূচনা হয়। বর্ণিল পোষাকে সজ্জিত হয়ে রঙ-বেরঙের মুখোশ, ব্যানার ও ঐতিহ্যবাহী বাদ্যযন্ত্র নিয়ে উপস্থিত প্রবাসী বাংলাদেশীগণ মিলনায়তন সংলগ্ন রাস্তায় মঞ্জল শোভাযাত্রায় অংশগ্রহণ করেন।

দক্ষিণ কোরিয়ায় নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব দেলওয়ার হোসেন তাঁর বক্তব্যে সবাইকে বাংলা নববর্ষের শুভেচ্ছা জ্ঞাপন করেন। তিনি নতুন বছরে সকলের জীবনে নতুন আশা, সুখ-সমৃদ্ধি ও শান্তির প্রত্যাশা করেন।

অতঃপর, উপস্থিত দর্শকবৃন্দ বাংলাদেশ হতে আগত এবং প্রবাসী বাংলাদেশি শিল্পীগণ ও দূতাবাস পরিবারের পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন। সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে মধ্যাহ্নভোজে ঐতিহ্যবাহী বাংলাদেশী খাবার পরিবেশন করা হয়।

সিউল, ২৮ এপ্রিল ২০২৪।

